বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd

এমডিএস (প্রকল্প ও উন্নয়ন বিভাগ) এর দপ্তর

মে ২০১৯ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	:	সৈয়দ মিজানুর রহমান এনডিসি এমডিএস (প্রকল্প), বিপিএটিসি, সাভার, ঢাকা।
সভার তারিখ	:	২৭ মে ২০১৯ খ্রি.
সময়	:	সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	:	সম্মেলন কক্ষ, অনুষদ ভবন-১
উপস্থিতি	:	সংযোজনী-ক।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করা হয়। সভায় প্রকল্প ও উন্নয়ন বিভাগের কর্মকর্তা-কর্মচারী, বিপিএটিসিতে চলমান সকল প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীগণ, প্রশাসন অনুবিভাগের কর্মকর্তাগণ এবং পিডব্লিউডি এর প্রকৌশলী ও ঠিকাদারগণ উপস্থিত ছিলেন। সভায় প্রকল্প ও উন্নয়ন বিভাগের কার্যক্রম, বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সর্বশেষ অগ্রগতি এবং বাস্তবায়িত কর্মসূচির ত্রুটিসমূহ নিরসনকল্পে প্রয়োজনীয় পদক্ষেপসমূহ নিয়ে আলোচনা হয়। অত:পর সার্বিক আলোচনান্তে সর্বসম্মতক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচ্য সূচি	আলোচনা ও অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	প্রকল্প ও উন্নয়ন বিভাগ এবং চলমান প্রকল্প সমূহের কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব নিয়ে টিম স্পিরিট এ কাজ করা	১.১ প্রকল্প ও উন্নয়ন বিভাগএবং বিপিএটিসিতে চলমান প্রকল্পসমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারিদের দায়িত্ব নিয়ে টিম স্পিরিট-এ কাজ করার আহবান জানানো হয়।	১.১ সকল কর্মকর্তা-কর্মচারীকে একটি টিম হয়ে কাজ করতে হবে এবং একই টিম বা একই স্থানে কাজ করা সকলকে ঐ স্থানের কাজ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।	সকল কর্মকর্তা-কর্মচারি, প্রকল্প ও উন্নয়ন বিভাগ এবং চলমান সকল প্রকল্পের প্রকল্প পরিচালক।
২.	বিপিএটিসি'র প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা	**প্রকল্পটির মেয়াদ: জুলাই ২০১৭ থেকে জুন ২০২০, মোট ব্যয়: ৮৫৯০০.০০ লক্ষ টাকা।** ২.১ ২০ তলা বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমিক ও প্রশাসনিক ভবন নির্মাণ কাজ বাংলাদেশ সেনাবাহিনীর ইঞ্জিনিয়ারিং কোর এর মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে প্রেরিত পত্রের জবাবের উপর জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।	২.১ বাংলাদেশ সেনাবাহিনী হতে ওটিএম এর পরিবর্তে ডেলিগেটেড পারচেজ পদ্ধতি অনুসরণ এবং ২০১৮ সালের পিডব্লিউডি এর রেট সিডিউল অনুযায়ী ডিপিপি সংশোধনের প্রস্তাবের উপর প্রকল্প দপ্তর থেকে প্রেরিত পত্র জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় পৌছাতে হবে এবং এ বিষয়টি নিষ্পন্নের জন্য যোগাযোগ রক্ষা করতে হবে।	প্রকল্প পরিচালক
		২.২ ১৫ তলা ডরমিটরি ভবনের চূড়ান্ত নকশা অনুমোদিত হয়েছে। ইতোমধ্যে দরপত্র কার্যক্রম শেষে কার্যাদেশ প্রদান করা হয়েছে।	২.২: ৫ নং ডরমিটরি ভবন ভাঙ্গা ও অপসারণের কাজ শেষ করে দ্রুত ১৫ তলা ডরমিটরি ভবন তৈরির কাজ শুরু করতে হবে।	প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী, সাভার গণপূর্ত বিভাগ।
		২.৩ ক্যাফেটারিয়া ভবনের খসড়া নকশা রেক্টর মহোদয়ের অনুমোদনক্রমে স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।	২.৩ সংশ্লিষ্ট ভবনসমূহ ভাঙ্গার স্বার্থে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ভবনসমূহের সার্ভে রিপোর্ট প্রস্তুত করে কারিগরি অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে	পরিচালক (প্রশাসন), সহকারী প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ

ক্রমিক	আলোচ্য সূচি	আলোচনা ও অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
			পরিচালক (প্রশাসন) কর্তৃক নির্বাহী প্রকৌশলী, সাভার গণপূর্ত বিভাগকে পত্র প্রেরণ করতে হবে যাতে ভবন ভাঙ্গার কাজ দ্রুত শুরু করতে পারেন।	
		২.৪ মেডিকেল সেন্টারের প্রাথমিক নকশা রেক্টর মহোদয় কর্তৃক অনুমোদনের পর স্থাপত্য অধিদপ্তরে চূড়ান্ত নকশার জন্য প্রেরণ করা হয়েছে এবং পুরাতন ক্লিনিক ভবনসহ অন্যান্য স্থাপনা অপসারণের জন্য প্রশাসন অনুবিভাগে চিঠি প্রেরণ করা হয়েছে।	২.৪ স্থাপত্য অধিদপ্তর থেকে চূড়ান্ত নকশা সংগ্রহ করতে হবে জন্য এবং ভবন অপসারণের প্রশাসনিক অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের জবাব দ্রুত আহরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও সহকারী প্রকল্প পরিচালক
		২.৫: সাব-স্টেশন নির্মাণ কাজ: স্থাপত্য অধিদপ্তর থেকে নকশা পাওয়া যায়নি।	২.৫ ২০ তলা বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমিক ও প্রশাসনিক ভবন নির্মাণ কাজ শেষ হলে সাব-স্টেশন নির্মাণ কাজ শুরু করতে হবে তবে নকশা অনুমোদনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক
		২.৬ Lake Beautification কাজের ডিজিটাল সার্ভে চলছে। সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প পরিচালক ধানমন্ডিতে অবস্থিত রবীন্দ্র সরোবর (এমপি থিয়েটার) এবং টাঙ্গাইল ডিসি অফিস লেক ভিজিট করেছেন।	২.৬ রেক্টর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রকল্পের পিআইসি কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপির বরাদ্দের সাথে সামঞ্জস্য রেখে কম্পোনেন্ট বিবেচনায় প্রকল্পের সহকারী স্থপতি স্থাপত্য অধিদপ্তরের সাথে যোগাযোগ করে নকশা প্রণয়ন করবেন।	প্রকল্প পরিচালক ও সহকারী স্থপতি
		২.৭ প্রাচীর নির্মাণ কাজ: প্রাচীরের গ্রেটবীমের নীচে ফাঁকা স্থানে গাঁথুনির জন্য সিসি ঢালাই কাজ যথাযথ হচ্ছে না মর্মে অভিযোগ পাওয়া গেছে।	২.৭ গণপূর্ত অধিদপ্তরের প্রকৌশলীগণ সরেজমিনে পরিদর্শন করে যথাযথভাবে প্রাচীরের নীচের গাঁথুনি ত্রুটিমুক্তভাবে নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করবেন।	প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, সাভার, ঢাকা
		২.৮ জগিং ট্র্যাক নির্মাণ কাজের ১৫০ ফিট ঢালাই কাজ অবশিষ্ট রয়েছে।	২.৮ অবশিষ্ট ঢালাই কাজ উন্নত মান বজায় রেখে ঈদের পূর্বেই সমাপ্ত করতে হবে।	নির্বাহী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত বি সাভার, ঢাকা।
		২.৯ লাইব্রেরীর জন্য এ/সি ও ফার্নিচার ক্রয় লাইব্রেরীর সংস্কার কাজের কারণে টেন্ডার প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে।	২.৯ লাইব্রেরীর জন্য এসি ও ফার্নিচারের চাহিদা সংগ্রহ করে দ্রুত দরপত্র আহবান করতে হবে।	প্রকল্প পরিচালক ও পরিচালক (এলটিএ)
		২.১০ অডিটরিয়াম এর লাইটিং ও সাউন্ড সিস্টেম কাজ।	২.১০ অডিটরিয়াম এর লাইটিং ও সাউন্ড সিস্টেম স্থাপন দ্রুত সম্পন্ন করতে হবে।	প্রকল্প পরিচালক ও পরিচালক (প্রশাসন)
		২.১১ ৩০শে জুন ২০১৫ তারিখের মূলবেতনের পরিবর্তে বর্তমান মূলবেতনে প্রশিক্ষণ ভাতা গ্রহণের বিষয়ে অডিট আপত্তি হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।	২.১১ প্রেষণে নিয়োজিত কর্মকর্তাদের প্রশিক্ষণ ভাতা জাতীয় পে-স্কেল ২০১৫ এর নির্দেশনা মোতাবেক (২০১৫ সালের ৩০ জুন মাসের মূল বেতনের ৩০%) গ্রহণ করতে হবে এবং অতিরিক্ত গৃহীত অর্থ দ্রুত জমা দিয়ে অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে।	প্রকল্প পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালক (অর্থ)

ক্রমিক	আলোচ্য সূচি	আলোচনা ও অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.	**বিপিএটিসি'র আন্তর্জাতিক প্রশিক্ষণ কমপ্লেক্সের উর্ধ্বমূখী সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা**	**প্রকল্পটির মেয়াদ: জুলাই ২০১৬ থেকে জুন ২০১৯, মোট ব্যয়: ৪৫০০.০০ লক্ষ টাকা।** উপ প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের পূর্বে শেষ করার লক্ষ্যে দ্রুত গতিতে এগিয়ে চলছে। সভায় উপস্থিত সকলে কাজের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন।		
		৩.১ পিএ সিষ্টেম এবং সাউন্ড সিষ্টেমের মালামাল নির্ধারীত কক্ষে বসানোর জন্য ভবনের ইলেকট্রিক সব কাজ সম্পন্ন করতে হবে এবং মালামাল যথাযথ স্থানে স্থাপন করতে হবে।	৩.১ পিডব্লিউডি হতে প্রকল্পের জন্য ক্রয়কৃত পিএ সিস্টেম যন্ত্রপাতি ইলেক্ট্রিক সকল কাজ সম্পন্ন করে যথাযথ স্থানে ৩০ মে ২০১৯ খ্রি. এর মধ্যে স্থাপন করতে হবে।	উপপ্রকল্প পরিচালক ও উপপরিচালক (সেবা)
		৩.২ ভবনের নিরাপত্তা নিশ্চিত করনের জন্য সিসি টিভি ক্যামেরা লাগানো এবং ক্লাস রুমের জন্য সিসিটিভি রেভিনিউ বাজেট থেকে ক্রয় সম্পন্ন করতে হবে। ইতোমধ্যে প্রজেক্টের সিসিটিভি ক্যামেরার লাইন লাগানো হয়েছে। আগামী ১০ মে'র মধ্যে আইটিসি ভবনের বিভিন্ন পয়েন্টে সিসি টিভি ক্যামেরা লাগানো সম্পন্ন করা হবে।	৩.২ সকল সিসিটিভি ৩০ মে ২০১৯ খ্রি. এর মধ্যে যথাযথস্থানে স্থাপন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সাভার গণপূর্ত ই/এম বিভাগ-৬ ও উপপরিচালক (সেবা)
		৩.৩ প্রকল্পের জন্য ইতোমধ্যে সরবরাহকৃত ল্যাপটপ ও প্রজেক্টর প্রকল্প অফিস কর্তৃক বুঝে নেয়া হয়েছে। কম্পিউটার বুঝে নেয়া হয়নি।	৩.৩ ল্যাপটপ, প্রজেক্টর, স্ক্রিন, মনিটর আগামী ১৩ জুন ২০১৯ খ্রি. মধ্যে স্থাপন করতে হবে। কম্পিউটার বুঝে নিয়ে যথাযথস্থানে স্থাপন করতে হবে।	উপপ্রকল্প পরিচালক
		৩.৪ প্রকল্পের সব ইলেকট্রিক ওয়ারিং ও যন্ত্রপাতি লাগানো।	৩.৪ ইলেক্ট্রিকাল মালামালসমূহ ০৩ দিনের মধ্যে যথাস্থানে স্থাপন করতে হবে। পুরাতন লিফটটি ৯ জুন ২০১৯ খ্রি. এর মধ্যে ১০ তলা পর্যন্ত সম্প্রসারণ করতে হবে। পুরাতন লিফটটি সম্প্রসারণ কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত সরবরাহ প্রতিষ্ঠান কর্তৃক নতুন লিফট এর পারফরমেন্স মনিটরিং করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সাভার গণপূর্ত ই/এম বিভাগ-৬ ও উপপরিচালক (সেবা)
		৩.৫ ১১ হাজার কিলো ভোল্টের লাইন স্থাপনের কাজ চলমান রয়েছে। এক্ষেত্রে প্রকল্প পরিচালকের সহায়তার প্রয়োজন হলে তা অবহিত করতে হবে।	৩.৫ সংশ্লিষ্ট কাগজপত্র পল্লী বিদ্যুৎ অফিসে জমা দিয়ে পরিদর্শন নিশ্চিত করতে হবে এবং দ্রুত লাইন স্থাপন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সাভার গণপূর্ত ই/এম বিভাগ-৬
		৩.৬ বর্তমানে নতুন লিফট চালু হয়েছে। এখন পুরাতন লিফটি ৪র্থ তলা থেকে ১০ম তলা পর্যন্ত চালু করতে হবে।	৩.৬ আগামী ৯ জুন ২০১৯ খ্রি. এর মধ্যে পুরনো লিফট ১০ তলা পর্যন্ত চালু করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সাভার গণপূর্ত বিভাগ
		৩.৭ এক্সিট লিফট এর কাজের গতি শ্লথ। প্রকৌশলী ই/এম জানান এক্সিট লিফট যেহেতু সুইজারল্যান্ড থেকে আসবে তাই আরো কিছু সময় প্রয়োজন হবে।	৩.৭ আইটিসি ভবনের এক্সিট লিফট ৩০ জুন ২০১৯ খ্রি. এর মধ্যে স্থাপন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সাভার গণপূর্ত বিভাগ ও নির্বাহী প্রকৌশলী, সাভার গণপূর্ত ই/এম বিভাগ-৬